রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৮, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা পৌষ ১৪০২/১৮ই ডিসেম্বর ১৯৯৫

এস, আর, ও নং ২২০-আইন/৯৫—প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২৭ নং আইন) ধারা ৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২৭ নং আইন);

(খ) "কমিটি" অর্থ আইনের ধারা ৪ এর অধীন গঠিত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটি;

(গ) "চেয়ারম্যান" অর্থ কমিটির চেয়ারম্যান;

(ঘ) "সচিব" অর্থ কমিটির সচিব;

(ঙ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

৩। **কমিটির গঠন ও কতিপয় সদস্যের মেয়াদ।**—(১) এই বিধিমালা সরকারী গেজেটে জারীর পরবর্তী ৩০ দিনের মধ্যে, অথবা যে এলাকায় প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয় নাই সেই এলাকায় এতদবিষয়ে প্রয়োজনীয় গেজেট বিজ্ঞপ্তি জারীর পরবর্তী ৩০ দিনের মধ্যে, সংশ্লিষ্ট



মূল্য : টাকা ২·০০

থানা শিক্ষা অফিসার কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করিবেন এবং উহা গঠনের ক্ষেত্রে আইনের ধারা ৪ এর বিধানাবলী অনুসরণ করা হইবে।

(২) ১৮ বৎসরের কম বয়স্ক কোন ব্যক্তিকে কমিটির বিদ্যোৎসাহী পুরুষ বা মহিলা সদস্য হিসাবে মনোনয়ন দেওয়া যাইবে না।

(৩) বিধি ৪ এর বিধান সাপেক্ষে, কমিটির মনোনীত সদস্যগণের মেয়াদ হইবে মনোনয়নের তারিখ হইতে ৩ বৎসর।

৪। **মনোনীত সদস্য পদের সাময়িক শূন্যতা এবং উহার পূরণ।**—(১) কমিটিতে কোন মনোনীত সদস্যের পদ শূন্য হইবে, যদি—

(ক) তিনি মৃত্যুবরণ করেন;

(খ) তিনি চেয়ারম্যানের নিকট স্বীয় স্বাক্ষরযুক্ত পত্র যোগে পদত্যাগ করেন;

(গ) চেয়ারম্যানের লিখিত অনুমতি না লইয়া তিনি কমিটির পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন;

(ঘ) তিনি ক্ষেত্রমত, ইউনিয়ন পরিষদের সদস্য বা ওয়ার্ড কমিশনার না থাকেন;

(ঙ) তাহার কার্যকলাপ কমিটির উদ্দেশ্য বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা স্বরূপ হওয়ার কারণে তাহাকে অপসারণ করা হয়।

(২) উপ-বিধি (১) এর অধীন কমিটির কোন মনোনীত সদস্যের পদ শূন্য হইলে চেয়ারম্যান অবিলম্বে উহা সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন এবং থানা শিক্ষা অফিসার উক্তরূপ অবহিত হইবার ৩০ দিনের মধ্যে আইনের ধারা ৪ এর বিধান মোতাবেক উক্ত শূন্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (১) এর দফা (গ) বা (ঙ) এর বিধান মোতাবেক কোন ব্যক্তি কমিটির সদস্য পদ হারাইলে পরবর্তী তিন বৎসর তাহাকে কমিটিতে মনোনয়ন দেওয়া যাইবে না।

৫। **কমিটির সভা, ইত্যাদি।**—(১) চেয়ারম্যানের সম্মতিক্রমে সচিব সভার স্থান, তারিখ ও সময় উল্লেখপূর্বক লিখিত নোটিশ দ্বারা প্রতিমাসে কমপক্ষে একবার কমিটির সভা আহবান করিবেন।

(২) কমিটির সভা সাধারণতঃ সংশ্লিষ্ট ওয়ার্ডের কোন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে।

(৩) সভায় কমিটির ১/৩ বা উহার নিকটতম সংখ্যক সদস্য উপস্থিত হইলে কোরাম হইবে; তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না এবং মুলতবী সভা পরবর্তী সপ্তাহে একই দিনে, একই স্থানে এবং একই সময়ে অনুষ্ঠিত হইবে।

(৪) কমিটির সভায় চেয়ারম্যান এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোন সদস্য এবং উভয়ের অনুপস্থিতির ক্ষেত্রে উপস্থিত সদস্যগণ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৫) আইনের ধারা ৫ এর বিধান বাস্তবায়নকল্পে কমিটি উহার সভায় নিম্নবর্ণিত বিষয়-সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করিবে, যথা ঃ—

(ক) ওয়ার্ডের প্রত্যেক প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিশু ভর্তি, তাহাদের উপস্থিতিসহ সংশ্লিষ্ট সমস্যাদি;

(খ) কমিটির তালিকাভুক্ত কোন শিশু যুক্তিসংগত কারণ ব্যতীত কোন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি না হওয়ার ক্ষেত্রে বা কোন শিশু প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক বা শিক্ষয়িত্রীর বিনা অনুমতিতে মাসে অন্ততঃ সাতদিন অনুপস্থিত থাকিবার ক্ষেত্রে, তদবিষয়ে সংশ্লিষ্ট অভিভাবকের বক্তব্য শ্রবন এবং উক্ত শিশুকে কমিটি কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করাইবার জন্য বা ক্ষেত্রমত, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত শিশুর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করিবার জন্য উক্ত অভিভাবককে লিখিত নির্দেশ প্রদান;

(গ) কোন অভিভাবক দফা (খ) এর অধীন প্রদত্ত লিখিত নির্দেশ পালনে পর পর তিনবার ব্যর্থ হইলে উক্ত অভিভাবকের বিরুদ্ধে আইনের ধারা ৬(২) এর অধীন মামলা রুজুকরণ;

(ঘ) উপরি-উক্ত কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনবোধে কোন স্থানীয় সংস্থাকে সংশ্লিষ্টকরণ বা উহার সহযোগিতা গ্রহণকরণ।

(৬) উপ-বিধি (৫) এর দফা (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট ওয়ার্ডভুক্ত সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক বা প্রধান শিক্ষয়িত্রী—

(ক) প্রতি বৎসর মার্চ মাসের মধ্যে তাহার শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত বৎসরে ভর্তিকৃত শিশু ও তাহাদের অভিভাবকের নাম সম্বলিত তালিকা সচিব এর নিকট প্রেরণ করিবেন;

(খ) প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে পূর্ববর্তী মাসে তাহার শিক্ষা প্রতিষ্ঠানে যে সকল ছাত্র/ছাত্রী অন্ততঃ সাত দিন অনুপস্থিত ছিল তাহাদের নাম এবং তাহাদের অভিভাবকের নাম ও ঠিকানা সচিবের নিকট প্রেরণ করিবেন।

(৭) কোন প্রধান শিক্ষক বা শিক্ষয়িত্রী উপ-বিধি (৬) এর বিধান পালনে ব্যর্থ হইলে কমিটি উক্ত ব্যর্থতা সম্পর্কে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন এবং থানা শিক্ষা অফিসার তৎসম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) প্রত্যেক সভার শুরুতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হইবে এবং প্রয়োজনে সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যর্থ ব্যক্তি বা সংস্থার বক্তব্য শ্রবণপূর্বক প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৯) সভার কার্যবিবরণীতে প্রতিটি সিদ্ধান্ত, উহা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা সংস্থার নাম ও সিদ্ধান্ত বাস্তবায়নের সময় উল্লেখ থাকিতে হইবে এবং কার্যবিবরণীর অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থা বরাবরে প্রেরণ করিতে হইবে।

(১০) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট দিতে পারিবেন।

(১১) চেয়ারম্যান সভা আহবানে সম্মত না হইলে কমিটির ২/৩ সদস্যের স্বাক্ষরযুক্ত নোটিশের মাধ্যমে সচিবকে সভা আহবান করিতে অনুরোধ করা যাইবে। এইরূপ ক্ষেত্রে সচিব

নোটিশ প্রাপ্তির ১০ দিনের মধ্যে তলবী সভা আহবান করিবেন, অন্যথায় তলবকারীগণ নিজেরাই সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিতে পারিবেন।

(১২) সভার কার্যবিবরণী ও যাবতীয় রেকর্ড সচিব সংরক্ষণ করিবেন।

৬। **কমিটির প্রতিবেদন দাখিল।**—সচিব নিয়মিতভাবে প্রত্যেক জানুয়ারী, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসের প্রথম সপ্তাহে আইনের ধারা ৫(৭) এর অধীন প্রদত্ত কমিটির নির্দেশ এবং ৬(২) এর অধীন রুজুকৃত মামলার সংখ্যা উল্লেখপূর্বক এতদসংক্রান্ত একটি পূর্ণাংগ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করিবেন।

৭। **শিশু জরিপ।**—(১) সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কমিটি সংশ্লিষ্ট ওয়ার্ডের শিশু জরিপের কাজ সম্পন্ন করিবে।

(২) কমিটির প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ নিজ নিজ এলাকার প্রতিটি বাড়িতে ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া সরকার কর্তৃক নির্ধারিত ছকে শিশুদের তথ্য সংগ্রহ ও লিপিবদ্ধ করিবেন।

(৩) কমিটি সংগৃহিত তথ্য হইতে প্রতিটি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান এলাকায় শিশুদের বয়স ভিত্তিক তালিকা এবং প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলির তালিকা প্রস্তুত করিবে এবং প্রস্তুতকৃত তালিকার সহিত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ও ওয়ার্ডে সার্বক্ষণিক ব্যবহারের জন্য প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে গমনোপযোগী, ভর্তিকৃত, অধ্যয়নরত, অধ্যয়ন-পরিত্যাগী ও অধ্যয়ন-বহির্ভূতদের সংখ্যাভিত্তিক তালিকা সংরক্ষণ করিবে।

(৪) তালিকা প্রস্তুতির ব্যাপারে সচিবকে সংশ্লিষ্ট ওয়ার্ড-সদস্য বা ওয়ার্ড কমিশনার এবং কমিটির অন্যান্য সদস্যগণ সার্বিক সহায়তা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আবদুর রব

উপ-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।